

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় , করিমগঞ্জ, কিশোরগঞ্জ
উদ্ভাবনী উদ্যোগ / ইনোভেশন আইডিয়া

শিরোনাম : বাণিজ্যিকভাবে মাছের পোনা উৎপাদনকারীদের তথ্য ওয়েব পোর্টালে সন্নিবেশিত করার মাধ্যমে মৎস্য সেবা সহজীকরণ ।

১. পটভূমি :

বাংলাদেশের/করিমগঞ্জ উপজেলার আপামর জনগোষ্ঠীর পুষ্টির চাহিদা পূরণ ও অর্থনৈতিক উন্নয়নে মৎস্য খাতের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ । একটি উন্নত বাংলাদেশ বিনির্মাণে মৎস্য খাতকে আরও বিকশিত করার মাধ্যমে সকল ধরনের মৎস্য সেবা সহজে জনগণের দোরগোড়ায় পৌঁছাতে আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে । তারই ধারাবাহিতায় উদ্ভাবনী ও জনমুখী মৎস্য সেবা প্রতিষ্ঠা এবং সরকার ও নাগরিকের মধ্যে দূরত্ব কমানোর লক্ষ্যে সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, গফরগাঁও, ময়মনসিংহ বাণিজ্যিকভাবে মাছের পোনা উৎপাদনকারীদের তথ্য ওয়েব পোর্টালে সন্নিবেশিত করার মাধ্যমে মৎস্য সেবা সহজীকরণের জন্য উদ্যোগটি গ্রহণ করেছে ।

২. উদ্যোগটি কেন গ্রহণ করা হয়েছে :

ভাল বীজে যেমন ভাল ফসল ঠিক তেমনি মাছ উৎপাদনের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো ভালো জাতের গুণগতমান সম্পন্ন সুস্থ সবল পোনা মাছের সরবরাহ নিশ্চিত করা । বিদ্যমান ব্যবস্থায় চাষির বিভিন্ন ভ্রাম্যমান পোনা সরবরাহকারীর মাধ্যমে পোনা সংগ্রহ করত । কাউকে গুণগতমান সম্পন্ন পোনার উৎস জানতে সরাসরি মৎস্য দপ্তরে যেতে হয় এবং কর্মকর্তা/কর্মচারীদের সাথে সাক্ষাতের মাধ্যমে তথ্য পেতে হয় । এছাড়া দাপ্তরিক টেলিফোন বা মোবাইল ফোনের মাধ্যমে তথ্য পাওয়ার সুযোগ থাকলেও অনেক সময় দাপ্তরিক নম্বর সমূহ মাছচাষির কাছে না থাকায় , প্রয়োজনের সময় মোবাইলে ব্যালেন্স না থাকা এবং অন্যান্য জটিলতার কারণে তা যথাসময়ে পাওয়া সম্ভব হয় না । অনেক সময় সরকারি –বেসরকারি পর্যায়ে বিভিন্ন সংস্থা , প্রতিষ্ঠান , কলেজ বিশ্ববিদ্যালয় কর্তৃক গবেষণাধর্মী কর্মকান্ড পরিচালনার ক্ষেত্রে গুণগতমান সম্পন্ন পোনা মাছ ও প্রজাতি ভিত্তিক প্রাচুর্যতা এবং উৎপাদনকারীর তথ্য প্রয়োজন হয় ।

এছাড়া অ্যাপস, সামাজিক যোগাযোগ মাধ্যমেসহ অন্যান্য ভার্চুয়াল মাধ্যমেভিত্তিক বাজার ব্যবস্থাপনার ক্ষেত্রে নিরাপদ পোনা উৎপাদনকারী তথ্য বর্তমান সময়ে একান্ত প্রয়োজন । উল্লিখিত বিষয়সমূহকে লক্ষ্য করে মৎস্য উৎপাদন , বিপণন, গবেষণা ও অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রমকে আরও গতিশীল করতে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় , গফরগাঁও, ময়মনসিংহ কর্তৃক বাণিজ্যিকভাবে মাছের পোনা উৎপাদনকারীদের তথ্য ওয়েব পোর্টালে সন্নিবেশিত করার মাধ্যমে মৎস্য সেবা সহজীকরণের উদ্ভাবনী উদ্যোগটি গ্রহণ করা হয়েছে । উদ্যোগটি বাস্তবায়িত হলে গফরগাঁও উপজেলা মৎস্য দপ্তরের ওয়েব পোর্টালে বাণিজ্যিক ভাবে মাছের পোনা উৎপাদনকারীদের তথ্য এলাকাভিত্তিক সুবিন্যস্ত থাকবে , যার মাধ্যমে আগ্রহী নাগরিকগণ যেকোন মুহূর্তে , যে কোন স্থান থেকে চাহিদানুযায়ী বাণিজ্যিকভাবে গুণগতমান সম্পন্ন পোনা মাছের প্রাপ্তিস্থান সম্পর্কে অবগত হতে পারবেন ।

৩. বাস্তবায়ন প্রক্রিয়া :

সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর কর্তৃক নির্ধারিত ফরমেট অনুযায়ী (পরিশিষ্ট-ক) বাণিজ্যিকভাবে গুণগতমান সম্পন্ন পোনা উৎপাদনকারীর তথ্য প্রকল্পের লিফটের মাধ্যমে সংগ্রহ করা হবে । তথ্য সংগ্রহের পর ২০২৫-২০২৬ আর্থিক সালের জন্য উপজেলা বাণিজ্যিকভাবে পোনা উৎপাদনকারীর তালিকা ওয়েব পোর্টালে আপলোড করা হবে । তবে মৎস্যচাষি নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিকভাবে উত্তম মৎস্য চাষ অনুশীলন (জিওপি) , যোগাযোগ ব্যবস্থা , তুলনামূলক বড় খামার , সরকারি/ নিবন্ধনকৃত হ্যাচারি হতে পোনা সংগ্রহ, প্রশিক্ষণপ্রাপ্ত কিনা প্রভৃতি বিষয় সমূহকে বিবেচনায় রাখতে হবে ।

8. লগ ফ্রেইম (Log Frame) :

ক্রমিক নং	কার্যক্রম	সময় কাল (২০২৫-২০২৬)					
		জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
১	মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ	→					
২	উপজেলায় তথ্য যাচাইকরণ				→		
৩	বার্ষিক কর্মপরিকল্পনা আপলোড	→					
৪	সিনিয়র উপজেলা মৎস্য দপ্তরের প্রতি তিন অন্তর অন্তর ওয়েবপোর্টাল হালনাগাদ করণ			→			→

৫. প্রত্যাশিত ফলাফল

- » অফিসে যাতায়াতের জন্য সময়ের অপচয় হবে না।
- » আগ্রহী নাগরিকগণের অতিরিক্ত অর্থ ব্যয় হবে না।
- » তাৎক্ষণিকভাবে যে কোন স্থান থেকে ওয়েবপোর্টাল থেকে বাণিজ্যিকভাবে পোনা উৎপাদনকারীর তথ্য সংগ্রহ করা যাবে।
- » ভালো মানের পোনা পাওয়ার নিশ্চয়তা থাকায় মাছের উৎপাদন বৃদ্ধি পাবে এবং চাষির আর্থিকভাবে লাভবান হবে।
- » গবেষণাধর্মী কার্যক্রমে সহায়ক হবে।
- » ভারুয়াল বাজার ব্যবস্থাপনায় বাণিজ্যিকভাবে পোনা উৎপাদনকারীর তথ্য সমৃদ্ধ ওয়েবপোর্টাল অন্যতম তথ্য ভান্ডার হিসেবে কাজ করবে।



০১/০৭/২০২৫

মালিক তানভীর হোসেন

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

করিমগঞ্জ, কিশোরগঞ্জ।